



আগামীকাল জমা দিবে জুলাই সনদ বাস্তবায়নের চূড়ান্ত সুপারিশ



সংগৃহীত ছবি

আগামীকাল মঙ্গলবার জুলাই সনদ বাস্তবায়নের চূড়ান্ত সুপারিশ প্রধান উপদেষ্টার কাছে জমা দেবে জাতীয় ঐকমত্য কমিশন। সোমবার (২৭ অক্টোবর) বিকেলে রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অনুষ্ঠিত হয় কমিশনের সমাপনী বৈঠক।

বৈঠকে সভাপতিত্ব করেন প্রধান উপদেষ্টা ও কমিশনের সভাপতি অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। উপস্থিত ছিলেন কমিশনের সহ-সভাপতি অধ্যাপক আলী রীয়াজসহ ছয় সদস্যের প্রতিনিধিদল।

সভায় কমিশনের গঠন থেকে শুরু করে চূড়ান্ত সুপারিশ প্রণয়ন পর্যন্ত সম্পূর্ণ প্রক্রিয়ার তথ্য, আলোচনার ভিডিও-অডিও রেকর্ড, ছবি ও লিখিত নথিপত্র সংরক্ষণের ওপর জোর দেন প্রধান উপদেষ্টা।

তিনি বলেন, “এই নথিগুলো জাতির জন্য অমূল্য সম্পদ। আমরা কোন প্রেক্ষাপটে ও কীভাবে ঐকমত্যে পৌঁছেছি, তা ভবিষ্যৎ প্রজন্মের জানার অধিকার রয়েছে। প্রতিটি বৈঠকের ছবি, ভিডিও, ও ডকুমেন্ট ক্যাটাগরি অনুযায়ী সংরক্ষণ করতে হবে। টেলিভিশনে প্রচারিত আলোচনা অংশগুলোও খণ্ড আকারে সংরক্ষিত থাকা উচিত।”

ড. ইউনূস আরও বলেন, “এই উপকরণগুলো ভবিষ্যতের ইতিহাস ও রাজনৈতিক গবেষণার জন্য অমূল্য দলিল হয়ে থাকবে। গবেষক, শিক্ষার্থী ও নাগরিক সমাজ এগুলো ব্যবহার করতে পারবে। এগুলোই হবে ভবিষ্যতের নীতিনির্ধারণী আলোচনার ভিত্তি।”

অধ্যাপক আলী রীয়াজ জানান, “রাজনৈতিক দলগুলোর পাশাপাশি আইন বিশেষজ্ঞ, বিচারপতি, শিক্ষাবিদ ও নাগরিক সমাজের বিশিষ্ট প্রতিনিধিদের সঙ্গে আলোচনার মাধ্যমেই জুলাই সনদ বাস্তবায়নের সুপারিশ চূড়ান্ত করা হয়েছে।”

উল্লেখ্য, ১৭ অক্টোবর অনুষ্ঠিত হয় জাতীয় জুলাই সনদের স্বাক্ষর অনুষ্ঠান। প্রথম ধাপে বিএনপি-জামায়াতসহ ২৪টি রাজনৈতিক দল ও জোট এতে স্বাক্ষর করে। দুই দিন পর গণফোরামও এতে যোগ দেয়। জাতীয় ঐকমত্য কমিশনের প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছিল গত ১৫ ফেব্রুয়ারি।